



ওএমএস ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

খাদ্য অধিদপ্তরের নির্দেশনা ও জেলা ওএমএস কমিটির সভার সিদ্ধান্তের আলোকে কুমিল্লা সিটি কর্পোরেশন এলাকার ১০ ও ১৮ নং ওয়ার্ডে ডিলার নিয়োগের নিমিত্ত নিম্নোবর্ণিত শর্তসমূহ প্রতিপালন পূর্বক দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। ওএমএস নীতিমালা ২০১৫ এর আলোকে আবেদনকারী ডিলারের পালনীয় শর্তাবলী নিম্নরূপঃ-

১. আবেদনকারীকে বাংলাদেশের নাগরিক/জাতীয় পরিচয়পত্র প্রাপ্ত হতে হবে এবং তার বয়স কমপক্ষে ১৮ বছর হতে হবে।
২. প্রতিষ্ঠিত মুদি দোকানদার/চালের খুচরা দোকানদার/সাধারণ ব্যবসায়ী হতে হবে।
৩. দোকানের মেঝে অবশ্যই পাকা হতে হবে ও খাদ্য সামগ্রী সংরক্ষণ উপযোগী হতে হবে।
৪. দোকানে পর্যাপ্ত খাদ্যসামগ্রী সংরক্ষণের উপযোগী গুদাম থাকতে হবে।
৫. আর্থিক দিক থেকে সচ্ছল ও মালামালের হিসাব সংরক্ষণে সক্ষম হতে হবে।
৬. সিটি কর্পোরেশন এর হালনাগাদ ট্রেড লাইসেন্সধারী হতে হবে।
৭. নিজস্ব ব্যবস্থাপনায় সরকার কর্তৃক নির্ধারিত স্থানে খাদ্যশস্য বিক্রয় করতে হবে।
৮. খাদ্য মন্ত্রনালয়ের চাহিদা অনুযায়ী খোলা জায়গায়/ট্রাকে/অস্থায়ী কাঠামো তৈরী করে খাদ্যশস্য বিক্রয়ে সম্মত হতে হবে।
৯. খাদ্য মন্ত্রনালয়ের কোন ডিলার/মিলার/ঠিকাদারী কাজে ইতোপূর্বে শাস্তিপ্রাপ্ত, কালো তালিকাভুক্ত, বাতিলকৃত, সাময়িকভাবে বরখাস্তকৃত কিংবা আদালত কর্তৃক শাস্তিপ্রাপ্ত কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান ডিলার নিয়োগের আবেদন করতে পারবেন না।
১০. খাদ্য মন্ত্রনালয়ের নিয়ন্ত্রনাধীন কোন পরিবহন ঠিকাদার/শ্রম ঠিকাদার/মিলার/ডিলার হিসাবে কর্মরত কোন ব্যক্তি/তার উপর নির্ভরশীল কেহ ডিলার নিয়োগের আবেদন করতে পারবেন না।
১১. প্রজাতন্ত্রের লাভজনক পদে অধিষ্ঠিত কোন কর্মকর্তা/কর্মচারী/জনপ্রতিনিধি ডিলার নিয়োগের আবেদন করতে পারবেন না।
১২. যে কোন আবেদন গ্রহণ বাতিল বা আবেদনের সময়সীমা বর্ধিত করার সর্বময় ক্ষমতা ওএমএস কমিটি কর্তৃক সংরক্ষিত থাকবে।

উপর্যুক্ত শর্তাবলী প্রতিপালন পূর্বক ইচ্ছুক আগ্রহী ব্যবসায়ীগণকে আবেদন পত্র ও তদসাথে জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয় হতে বিতরণকৃত আবেদন ফরম পূরণ, ২(দুই) কপি ছবি, জাতীয় পরিচয় পত্রের ফটোকপি, ফুড গ্রেইন লাইসেন্স এর ফটোকপি, হালনাগাদ ট্রেড লাইসেন্স এর ফটোকপি, ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতার সনদ, মালিকানা সংক্রান্ত কাগজপত্র অথবা ভাড়া দোকান হলে চুক্তি নামার ফটোকপি, অন্য কোন সরকারী ডিলারশীপ থাকলে তার লাইসেন্স এর ফটোকপি সহ আগামী ০৯/০৩/২০২২ খ্রিঃ তারিখ, রোজ- বুধবার সকাল ১০.০০ টা হতে দুপুর ১.০০ টার মধ্যে সভাপতি, জেলা ওএমএস কমিটি বরাবরে জেলা প্রশাসকের কার্যালয়, কুমিল্লায় স্থাপিত “আবেদন বক্সে” জমা প্রদানের জন্য বলা হল। উল্লেখ্য উক্ত সময়ের পর কোন আবেদন গ্রহণ করা হবে না।

স্বাক্ষরিত
জেলা খাদ্য নিয়ন্ত্রক, কুমিল্লা ও
সদস্য সচিব
জেলা ওএমএস কমিটি, কুমিল্লা।

স্মারক নং- ১৩.০১.১৯০০.০০১.৫৭.০০২.২১.৪৮৩

তারিখঃ ২৩/০২/২০২২ খ্রিঃ

অনুলিপিঃ- সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

১. মাননীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা- কুমিল্লা সদর, ২৫৪ কুমিল্লা-৬, উপদেষ্টা, জেলা ওএমএস কমিটি।
২. জেলা প্রশাসক, কুমিল্লা ও সভাপতি, জেলা ওএমএস কমিটি।
৩. প্রধান নির্বাহী কর্মকর্তা, কুমিল্লা সিটি কর্পোরেশন, কুমিল্লা।
৪. উপ পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কুমিল্লা ও সদস্য, জেলা ওএমএস কমিটি।
৫. উপজেলা নির্বাহী অফিসার (সংশ্লিষ্ট).....উপজেলা, কুমিল্লা।
৬. জেলা সমবায় অফিসার, কুমিল্লা ও সদস্য, জেলা ওএমএস কমিটি।
৭. জেলা মার্কেটিং অফিসার, কুমিল্লা ও সদস্য, জেলা ওএমএস কমিটি।
৮. সহকারী খাদ্য নিয়ন্ত্রক, কুমিল্লা।
৯. জনাব জি, এম, সিকান্দার, উইং কমান্ডার (অবঃ), সদস্য, জেলা ওএমএস কমিটি, ৩৮১ বাদুরতলা, কুমিল্লা।
১০. জনাব সফিকুল ইসলাম সিকদার, সদস্য, জেলা ওএমএস কমিটি, ৭০ শাহসুজা রোড, মোগলটুলী, কুমিল্লা।
১১. সম্পাদক/প্রকাশক, দৈনিক কুমিল্লা। আপনার বহল প্রচারিত পত্রিকায় বিজ্ঞপ্তি খানা প্রকাশের জন্য জন্য অনুরোধ করা হলো।
১২. শাখা প্রধান.....অত্র দপ্তর, কুমিল্লা।
১৩. জেলা ওয়েব পোর্টাল।
১৪. নোটিশ বোর্ড, জেলা প্রশাসকের কার্যালয় ও জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, কুমিল্লা।
১৫. মাষ্টার নথি।

জেলা খাদ্য নিয়ন্ত্রক
কুমিল্লা। ২৩/০২/২২